# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩৯৪

৩৯/ সংসারের প্রতি অনাসক্তি (كتاب الزهد عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ আল্লাহ্র জন্য ভালবাসা।

## باب مَا جَاءَ فِي الْحُبِّ فِي اللَّهِ

আরবী

حَدَّثَنَا الأَنْصَارِيُّ، حَدَّثَنَا مَعْنٌ، حَدَّثَنَا مَالِكٌ، عَنْ خُبَيْبِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ حَفْصِ بْنِ عَاصِمٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَوْ عَنْ أَبِي سَعِيدٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " سَبْعَةٌ يُظِلُّهُمُ اللَّهُ فِي ظِلِّهِ يَوْمَ لاَ ظِلَّ إِلاَّ ظِلُّهُ إِمَامٌ عَادِلٌ وَشَابٌّ نَشَأَ بِعِبَادَةِ اللَّهِ وَرَجُلٌ كَانَ قَلْبُهُ مُعَلَّقًا بِالْمَسْجِدِ إِذَا خَرَجَ مِنْهُ حَتَّى يَعُودَ إِلَيْهِ وَرَجُلاَنِ تَحَابَّا فِي اللَّهِ فَاجْتَمَعَا عَلَى ذَلِكَ وَتَفَرَّقَا وَرَجُلٌ ذَكَرَ اللَّهَ خَالِيًا فَفَاضَتْ عَيْنَاهُ وَرَجُلٌ دَعَتْهُ امْرَأَةٌ ذَاتُ حَسَبٍ وَجَمَالٍ فَقَالَ إِنِّي أَخَافُ اللَّهَ وَرَجُلٌ تَصَدَّقَ بِصَدَقَةٍ فَأَخْفَاهَا حَتَّى لاَ تَعْلَمَ شِمَالُهُ مَا تُنْفِقُ يَمِينُهُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَهَكَذَا رُوِيَ هَذَا الْحَدِيثُ عَنْ مَالِكِ بْنِ أَنَسٍ مِنْ غَيْرِ وَجْهٍ مِثْلَ هَذَا وَشَكَّ فِيهِ وَقَالَ عَنْ أَبِي هُرَيْرَةَ أَوْ عَنْ أَبِي سَعِيدٍ وَعُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ رَوَاهُ عَنْ خُبَيْبِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ وَلَمْ يَشُكَّ فِيهِ يَقُولُ عَنْ أَبِي هُرَيْرَةَ .

حَدَّثَنَا سَوَّارُ بْنُ عَبْدِ اللَّهِ الْعَنْبَرِيُّ، وَمُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، قَالاَ حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ، حَدَّثَنِي خُبَيْبٌ، عَنْ حَفْصِ بْنِ عَاصِمٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَ حَدِيثِ مَالِكِ بْنِ أَنَسٍ بِمَعْنَاهُ إِلاَّ أَنَّهُ قَالَ " كَانَ قَلْبُهُ مُعَلَّقًا بِالْمَسَاجِدِ " . وَقَالَ " ذَاتُ مَنْصِبٍ وَجَمَالٍ " .
قَالَ أَبُو عِيسَى حَدِيثُ الْمِقْدَامِ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ . وَالْمِقْدَامُ يُكْنَى أَبَا كَرِيمَةَ .

বাংলা

২৩৯৪. আনসারী (রহঃ) ...... আবূ হুরায়রা (বর্ণনান্তরে) অথবা আবূ সাঈদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যেদিন আল্লাহর ছায়া ছাড়া আর কোন ছায়া থাকবে না সেই দিন তিনি সাত ব্যক্তিকে তাঁর ছায়ায় আশ্রয় দিবেন-ন্যায়পরায়ণ ইমাম (রাষ্ট্রনেতা), যে যুবক আল্লাহর ইবাদতের মাঝে বড় হয়েছে, মসজিদ থেকে বের হওয়ার পর তাতে ফিরে না আসা পর্যন্ত যে ব্যক্তির হৃদয় মসজিদের সঙ্গেই লটকে থাকে, এমন দুই ব্যক্তি যারা পরস্পরকে আল্লাহর উদ্দেশ্যে ভালবাসে, এই সম্পর্কেই তারা একত্রিত হয় এবং বিচ্ছন্ন হয়, এমন ব্যক্তি যে নির্জনে আল্লাহর কথা স্মরণ করে আর তার চোখ দিয় পানি বেয়ে পড়ে। এমন এক ব্যক্তি যাকে বংশ মর্যদা সম্পন্না এবং সুন্দরী কোন মহিলা দুস্কর্মের আহবান করে কিন্তু সে বলে মহিয়ান আল্লাহকে আমি ভয় করি, এবং এমন এক ব্যক্তি, যে এমন গোপনে সাদকা দেয় যে তার বাম হাত পর্যন্ত জানেনা তার ডান হাতে সে কি ব্যয় করছে।

সহীহ, ইরওয়া ৮৮৭, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৩৯১ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ।

হাদীসটি মালিক ইবন আনাস (রহঃ) এর বরাতে একাধিক সূত্রে অনূরূপ বর্ণিত হয়েছে। আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু কিংবা আবূ সাঈদ থেক অনুরূপ দ্বিধার সাথে এটির রিওয়ায়াত হয়েছে। পক্ষান্তরে উবায়দুল্লাহ ইবন উমার (রহঃ) এটিকে খুবায়র ইবন আবদুর রহমান (রহঃ) সূত্রে দ্বিধাহীনভাবে আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেছেন।

সাওওয়ার ইবন আবদুল্লাহ আম্মারী ও মুহাম্মদ ইবন মুছান্না (রহঃ) ... আবূ হুরায়রা (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে উক্ত মর্মে মালিক ইবন আনাস (রহঃ) এর অনুরূপ বর্ণনা করেছেন। এতে ’’যার হৃদয় মসজিদের সঙ্গে সম্পর্কিত’’ এবং ذَاتُ حَسَبٍ এর স্থলে ذَاتُ مَنْصِبٍ (মর্যাদাশলীনী)-এর উল্লেখ হয়েছে। মিকদাম রাদিয়াল্লাহু আনহু বর্ণিত এই হাদীসটি হাসান-সহীহ-গারীব।

## English

Hafs bin 'Asim narrated from Abu Hurairah or Abu Sa'eed that the Messenger of Allah (s.a.w) said:
"Seven shall be shaded by Allah under his shade on a day in which there is no shade except His Shade: A just Imam, a young person raised upon worshiping Allah, a man whose heart is attached to the Masjid when he leaves from it until he returns from it, two men who love each other for Allah's sake, coming together upon that, and parting upon that, a man who remembers Allah in privacy and his eyes swell with tears, a man invited by a woman of status and beauty, but he says: 'I fear Allah, Mighty and Sublime is He,' and a man who conceals the charity he gives such that his left hand does not know what his right hand has spent."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37748

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন